গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা -১২০৮
www.nfeboard.portal.gov.bd

স্মারক: ৩৮.০০.০০০০.০০০.৫০১.১৮.০০১৩.২৬(অংশ-১)- ৪০৪

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

বিষয়: বিদ্যমান কোর্স প্যাকেজ পরিমার্জন ও নতুন প্যাকেজ উন্নয়ন বিষয়ক টেকনিক্যাল সাব-কমিটির প্রথম কর্মশালায় আমন্ত্রণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড দেশব্যাপী পরিচালিত প্রাক-বৃত্তিমূলক (প্রি-ভোকেশনাল) শিক্ষা ও প্রশিক্ষণ-এর গুণগত মান, প্রাসঙ্গিকতা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করতে কারিকুলাম, প্রশিক্ষণ প্যাকেজ, শিক্ষাসামগ্রী ও মূল্যায়ন ব্যবস্থা উন্নয়ন এবং হালনাগাদ করে থাকে। এ লক্ষ্যে জাতীয় শিক্ষা নীতি ২০১০, BNQF, NTVQF, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, আন্তর্জাতিক উত্তম চর্চা এবং পরিবর্তিত শ্রমবাজারের চাহিদার আলোকে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড-এর বিদ্যমান কোর্স প্যাকেজ পরিমার্জন ও নতুন প্যাকেজ উন্নয়নের নিমিত্ত আগামী ০৬-০৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে টেকনিক্যাল সাব-কমিটির প্রথম কর্মশালা আয়োজন করা হয়েছে। কর্মশালার স্থান: ব্র্যাক সিডিএম, রাজেন্দ্রপুর, গাজীপুর। উক্ত কর্মশালায় সক্রিয় অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকাভুক্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

অংশগ্রহণকারীগণকে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১। আগামী ০৬ আগস্ট ২০২৬ (বৃহস্পতিবার) বিকাল ০৬:০০ ঘটিকার মধ্যে ব্র্যাক সিডিএম (BCDM), রাজেন্দ্রপুর-এ উপস্থিত হতে হবে;
২। কর্মশালার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অংশগ্রহণকারীগণকে ব্যক্তিগত ল্যাপটপ সঙ্গে আনতে হবে;
৩। সাধারণ নির্দেশনাসমূহ তাৎক্ষণিকভাবে পেতে সংযুক্ত কিউআর কোড স্ক্যান করে কর্মশালার হোয়াটসঅ্যাপ গ্রুপে যুক্ত থাকতে হবে;
৪। অংশগ্রহণকারীগণ কর্মশালায় অংশগ্রহণের জন্য নির্ধারিত হারে যাতায়াত ভাতা প্রাপ্য হবেন।

০২/০৮/২০২৬
(মো. মেহেদী আল ইসলাম)
সহকারী পরিচালক, উশিব্যু
ও
সহকারী নিবন্ধক,
উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
মোবাইল: ০১৭৯৬৯৬১৯৩২

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। নিবন্ধক (নিবন্ধন/সনদায়ন/অ্যাক্রিডিটেশন), উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
২। পরীক্ষা নিয়ন্ত্রক, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৩। সচিব, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৪। উপপরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৫। সহকারী পরিচালক (সকল), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
৬। এডুকেশন চিফ, ইউনিসেফ বাংলাদেশ
৭। সদস্য (সকল), অ্যাক্রেডিটেশন অ্যান্ড কোয়ালিটি অ্যাস্যুরেন্স কমিটি, উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
৮। জনাব ..................................................
৯। সহকারী প্রোগ্রামার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), উশিব্যু।
১১। অফিস কপি

E:\Implementation\BNFE\অংশ\আমন্ত্রণ পত্র সংক্রান্ত\আমন্ত্রণপত্র